

১৪৯ নং

দয়াল প্রমথচাঁদ ভবে তুমি বিনে বন্ধু কেহ নাই ।
আমি সাঁপে দিলাম দেহতরী বাইতে আমার শক্তি নাই ।

- ১। জীর্ণতরী বোঝাই করে ঘুরিয়া বেড়াই ।
তুমি ধরে তরী হয়ে কাণ্ডারী যা ইচ্ছা হয় কর সাঁই ॥
- ২। আমার ভক্তি বাদাম অনুরাগ মাস্তুল কিছু মাত্র নাই ।
এখন বিশ্বাসের গুণ হারা হয়ে অকুলে ভেসে বেড়াই ॥
- ৩। অধম শরৎ বলে মলেম ডুবে কামনদীর ঘোলায় ।
তুমি দয়া করে রক্ষা কর নইলে আমার প্রাণ হারাই ॥
—শরৎ ঠাকুর



১৫০ নং

তাল—আদা

রাগিনী—বাহার

শোন্রে গুরুচাঁদের নীতি ।

জীব তারক পরম ধন সে যে অগতির গতি ॥

- ১। নেমে এল ক্ষীরোদ ছেড়ে, সাঙ্গপাঙ্গ সঙ্গে করে,
দীন পতিতের ঘরে, জগতের পতি ।
- ২। দিনে রাতে ভক্তগণে, বলে প্রভু জনে, জনে,
শক্তি ভেঙ্গে কেউ মরিস্ নে, রাখ জেলে বাতি ।
ধন মান হারা লক্ষ্মীপ্রস্টা, হসনে ওরে সৎসতী ॥